

৪৫

ডেফোডিল ইউনিভার্সিটির নবীনবরণে ইউজিসি চেয়ারম্যান একদিন বেসরকারি ইউনিভার্সিটি থেকেও শিক্ষক হায়ার করতে হবে

ডেফোডিল ইউনিভার্সিটির সামার সেমিস্টারের বিভিন্ন অনুষদের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন সোমবার অনুষ্ঠিত হয়। ইউনিভার্সিটি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মোঃ সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম।

ডিসি প্রফেসর আমিনুল ইসলাম অনুষ্ঠানে আগত প্রধান অতিথি, সভাপতি এবং নবীন শিক্ষার্থীদের স্বাগত জানান। প্রধান অতিথি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেন, কিছু বেসরকারি ইউনিভার্সিটির মান দেখে এ কথা নিঃসহোচে বলা যায়, আজ যেমন সরকারি ইউনিভার্সিটি থেকে শিক্ষকদের হায়ার করতে হয়, একদিন বেসরকারি ইউনিভার্সিটি থেকেও শিক্ষক হায়ার করতে হবে। তিনি মধ্যবিত্তের নাগালের মধ্যে শিক্ষা ব্যয় রাখার ক্ষেত্রে ডেফোডিলের প্রচেষ্টাকে সাধুবাদ জানান। সভাপতির ভাষণে মোঃ সবুর খান বলেন, বেসরকারি ইউনিভার্সিটির শিক্ষার্থীদের ব্যয় বহন করেন



অভিভাবকরা, অন্যদিকে সরকারি ইউনিভার্সিটির খরচ যোগায় সরকার তথা জনগণ। বেসরকারি ইউনিভার্সিটিতে আর্থিক সহায়তা দিলে টিউশন ফি আরো কমানো সম্ভব বলে তিনি উল্লেখ করেন। ইউনিভার্সিটির ডিসি প্রফেসর আমিনুল ইসলাম,

প্রোভিসি প্রফেসর এম শাহজাহান মিনা, বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর লুৎফর রহমান, জারপ্রাপ্ত রেজিস্ট্রার মমিনুল হক মঞ্জুমদার অনুষ্ঠানে বক্তৃতা করেন। অনুষ্ঠান শেষে মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি।